এক লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে কিছু বিষয়ে কথা বললেন। অতপর সে বলল: আল্লাহ যা চেয়েছেন ও আপনি যা চাইলেন তাই। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “তুমি কি আমাকে আল্লাহর শরীক বানিয়ে দিলে ? বরং তুমি বলো: একমাত্র আল্লাহ যা চেয়েছেন তাই ।”

ইবন ’আব্বাস রদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত: এক লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে কিছু বিষয়ে কথা বললেন। অতপর সে বলল: আল্লাহ যা চেয়েছেন
ও আপনি যা চাইলেন তাই। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “তুমি কি
আমাকে আল্লাহর শরীক বানিয়ে দিলে ? বরং তুমি বলো: একমাত্র আল্লাহ যা চেয়েছেন তাই ।” [হাদীসটির সনদ হাসান] [নাসায়ীর সুনানুল কুবরা, সুনানে ইবনে মাজাহ ও মুসনাদে আহমদ]

এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে তার কোন একটি বিষয়ে কথা বলে অতঃপর বলল: ‘আল্লাহ যা চান এবং আপনি যা চান।’ নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তার এই কথা প্রত্যাখ্যান করলেন এবং তাকে জানালেন, সৃষ্টির ইচ্ছাকে আল্লাহর ইচ্ছার সাথে 'এবং/ও‘ যুক্ত করে বলা ছোট শির্ক, যা কোনো মুসলিমের জন্য বলা বৈধ নয়। এরপর তিনি তাকে সঠিকভাবে বলার নির্দেশ দিলেন: "একমাত্র আল্লাহ যা চান তাই"। এভাবে আল্লাহর ইচ্ছাকে এককভাবে স্বীকার করতে হবে এবং কোনো সৃষ্টির ইচ্ছাকে আল্লাহর ইচ্ছার সাথে যুক্ত করা যাবে না।

https://sunnah.global/hadeeth/bn/show/5928